



Swami Dhananjay Das Kathiababa Mahavidyalaya

Bhara, Bankura

Department of Bengali

Faculty Name - Tanusree Dey

Titel of Paper - 1. ধর্মীয় স্থান: বাঁকুড়ার ডিহর

2. ক্ষেত্রসমীক্ষার প্রেক্ষিতে বাঁকুড়ার বাংলা ধাঁধার সমকালীন আঙ্গিক

একুশের ডেউ ISSN: 2454-7182
সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক আন্তর্জাতিক অনলাইন গবেষণা পত্রিকা (রেফারিড জার্নাল, ত্রৈমাসিক)
An International Online Research Journal of Literature and Culture (Peer-Reviewed Refereed Journal: Quarterly)
ওয়েবসাইট: ekusherdheu.in

সূচিপত্র

ক
মানভূমের ভাষা বৈশিষ্ট্য: সাহিত্যে প্রয়োগ ১-১১
অধ্যাপক নাডুগোপাল দে
ধর্মীয় স্থান: বাঁকুড়ার ডিহর ১২-১৭
তনুশ্রী দে

খ
রবীন্দ্রনাথ ও বিশ শতকের বাংলা গান ১৮-২৯
পার্শ্বসারথি সরকার
দেবারতি মিত্রের কবিতা: মধ্যবিত্তের স্বপ্ন ও আকাঙ্ক্ষার নতুন ছবন ৩০-৩৯
তমালকুমার ব্যানার্জী

গ
মঙ্গলকাব্যের উপাদানকেন্দ্রিক এপিক উপন্যাস 'চাঁদবেনে' ৪০-৫২
সৌরভ রায়
সৈকত রক্ষিতের 'মদনভেরি': ছাশি জনজাতির অনালিখিত দলিল ৫৩-৭২
অনিমেঘ ব্যানার্জী
বিত্ততিত্বের হোটগল্প: গ্রামীণ মানুষের সুখ-দুঃখ ও হাসি-কান্না ৭৩-৮০
বৈশাখী ব্যানার্জী
চিৎড়ি গল্পে বয়সকি ৮১-৮৭
শুভ্রা রায়

ঘ
শিবরাম চক্রবর্তীর গদ্যরীতি ৮৮-৯৪
আফরোজা ইয়াসমিন

৫ম বর্ষ, ৪র্থ সংখ্যা। ১৩ই পৌষ ১৪২৬। ৩০শে ডিসেম্বর ২০১৯

1.00-2.15 pm- Technical Session 1 (Room no. 207[Gallery], 1st Floor)

Chair: Prof. Abhijit Gupta, Professor, Department of English, Jadavpur University

Speakers:

Dr. Suchismita Hazra, Assistant professor of English, Dasarathi Hazra Memorial College:
Lal Behari Day's *Govinda Samanta*: Revisiting the Culture of Nineteenth Century Rural
Bardhaman

Debarati Ghosh, Assistant Professor, St. Xavier's College, Burdwan: Politics of Acceptance
and Rejection of Regional Literature: Tripurari Sharma, A Regional Woman Playwright

Ballari Das, PhD Research Scholar, Jadavpur University: *Rāmāyana* and the Bengal
Patachitra

Asesh Kumar Dhar, PhD Research Scholar, University of Hyderabad: The Making and
Shaping of a Frontier: Purnea in the late Eighteenth and Early Nineteenth Centuries

1.00-2.15 pm- Parallel Session 1(Room no. 301, 2nd Floor)

Chair: Prof. Satyabati Giri, Professor, Department of Bengali, Jadavpur University

Speakers:

Nitish Ghosh, Assistant Professor, Tehatta Government College: লোক ঔষধ ও চিকিৎসার
আলোকে 'কবিকঙ্কণ-চণ্ডী'

Parthasarathi Sarkar, Assistant Professor, Kotshila Mahavidyalaya: ভারতীয় সংগীতের
আদিপর্ব ও বাংলালোক সংগীতের ধারা

Gargi Chattopadhyay, Part-Time Lecturer, Azad Hind Fouz Smriti Mahavidyalaya:
পটচিত্রের নিরিখে পিঙলা

Tanushree Dey, Part-Time Lecturer, Swami Dhananjoy Das Kathiababa Mahavidyalaya:
ক্ষেত্রসীমার প্রেক্ষিতে বাঁকুড়ার বাংলা ধাঁধার সমকালীন আঙ্গিক

2.15- 2.45 pm: Lunch Break(Room No. 209B, 1st Floor)

2.45-4.00 pm- Technical Session 2(Room no. 207[Gallery], 1st Floor)

Chair: Dr. Balram Uprety, Assistant Professor of English, St. Joseph's College, Darjeeling

Speakers:

Arnab Chatterjee, Assistant Master of English (Group A, W.B.Sub.E.S), Government
Model School, Onda, Bankura: In search of a lost art- The Dashabatar Tass Patachitra of
Bishnupur

ক্ষেত্রসমীক্ষার প্রেক্ষিতে বাঁকুড়ার বাংলা ধাঁধার সমকালীন আঙ্গিক

Tanushree Dey
Part-Time Lecturer
Swami Dhananjoy Das Kathiababa Mahavidyalaya

ধাঁধা ঐতিহ্যমূলক, তাঁর প্রকাশ মৌখিক। ধাঁধা মূলত লোকশিল্পের অন্যতম উপাদান – বুদ্ধি ও পরীক্ষার প্রয়াস। এটি এক বা একাধিক আপাত বিরোধমূলক বর্ণনামূলক উক্তি-প্রত্যুক্তি যা রূপকাত্মক। ধাঁধা ঐতিহ্যবাহী জ্ঞানের ভাণ্ডার, একটি জাতির সাংস্কৃতিক ছাপ ও সমাজ জীবনের অভিব্যক্তিগুলি সুস্পষ্টভাবে উচ্চারিত হয়। আয়তনে সংক্ষিপ্ত, পদ্যবদ্ধ, সরসতা, অন্তর্নিহিত ভাব ব্যাখ্যা যোগ্য বিশেষত্ব যা শিক্ষণীয় বিষয় তাই ধাঁধা বলে আমাদের নিকট সমাদৃত।

ধাঁধা শব্দটি সংস্কৃত "ধ্বং" শব্দ থেকে উৎপত্তি। ধাঁধা অর্থাৎ 'কৌতুককর কূট প্রশ্ন' (বঙ্গীয় শব্দকোষ, হরিচরণ বন্দ্যোপাধ্যায়)। এর রচয়িতা কে বা কারা তা যেমন অজানা তেমনি এর উৎপত্তি কবে তা আজও বিতর্কিত। বঙ্গভাষা সাধারণ মানুষের মুখে মুখেই এর উৎপত্তি। এই ধাঁধা বাঁকুড়া জেলায় কোথাও হিয়ালি, কোথাও ফড়ই, কোথাও জাসানি নামে পরিচিত।

ভাষা-সমাজ-সংস্কৃতি বাঁকুড়া জেলার মানুষের সাথে ওতোপ্রতো ভাবে জড়িত। বাঁকুড়ার, মানুষেরা যতই শিক্ষিত হোক বা জ্ঞানী মানুষের নিকট বা, শহুরে সভ্যতার সংস্পর্শে আসুক না কেন তারা তাদের অজ্ঞাতেই নিজেদের ভাষা, সংস্কৃত, বাচনভঙ্গীকে চিহ্নিত করে। তাদের ভাষা টোন (Accent) বা অকৃত্রিম বাচনভঙ্গী একটি ভাষা বলয়ের সৃষ্টি করেছে। তারা তাদের নিজেদের মধ্যে রক্ষণশীল মনোভাবকে টিকিয়ে রেখেছে। অঞ্চলভেদে ও সামাজিক স্তরভেদে রূপতাত্ত্বিক ও ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি ভাষাতাত্ত্বিকদের দৃষ্টি আকর্ষণ করেছে। এবং গবেষকদের নিকট "ভাষা বৈচিত্র্যের" (Language Diversity) একটি নতুন দিক উন্মোচন করেছে।

ধাঁধা প্রধানত অবসর বিনোদন, বুদ্ধির অনুশীলন কৌতুককর ক্রীড়া প্রতিযোগিতার কল্পনা প্রসূত ফসল। বঙ্গভাষা দৈনন্দিন সমাজ জীবনে ধাঁধার ঐতিহাসিক গুরুত্ব অপরিণীম। ক্ষেত্রসমীক্ষা ভিত্তিক প্রাণ ধাঁধাগুলি নিয়ে উল্লেখিত করা হল। সেগুলি বিশ্লেষণ ও ব্যাখ্যা যোগ্য।